

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ

প্রশিক্ষণ মডিউল

৩

প্রসৱ পৰৱৰ্তী সেৱা



অপাৰেশন্স ৱিসাৰ্চ প্ৰজেক্ট

হেল্থ এণ্ড পপুলেশন্স এক্সটেনশন্স ডিভিশন

ইন্টাৰন্যাশনাল সেন্টাৰ ফৰ ডায়রিয়াল ডিজিজ ৱিসাৰ্চ, ৰাংলাদেশ

WQ 100.JB2 TRE
B418e
1998
cop.2

ICPR
INTERNATIONAL CENTER FOR
POPULATION RESEARCH

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ Essential Services Package (ESP)

প্রশিক্ষণ মডিউল - ৩



প্রসৱ পরৱর্তী সেৱা (Postnatal Care)

অপারেশনল রিসার্চ প্রজেক্ট
হেল্থ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন
ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ

১৯৯৮

প্রণয়নে	:	ডাঃ সুরাইয়া বেগম
সহযোগিতায়	:	ডাঃ সুমনা সাফিনাজ
পরিকল্পনায়	:	ডঃ আবদুল্লাহ-হেল বাকী প্রফেসর বরকত-ই-খুদা ডঃ ক্রীস টুনন
কম্পিউটার কম্পোজ	:	সুভাষ চন্দ্র সাহা মোঃ ইউসুফ
প্রচ্ছদ পরিকল্পনা	:	আসেম আনসারী
কালার স্ক্যানিং	:	গ্রাফিক স্ক্যান লিঃ
প্রচ্ছদ ছবি	:	মোঃ ফকরুল আলম

ICDDR,B Special Publication No. 77
ISBN: 984-551-155-4

© 1998, International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh

ICDDR,B LIBRARY	
ACCESSION NO. 031606	
CLASS NO. WQ 100.7B2	
SOURCE	COST

প্রকাশনায়ঃ

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়া ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮ ।

প্রচ্ছদ মুদ্রনেঃ সেবা প্রিন্টিং প্রেস, ঢাকা



সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুভেচ্ছা


গত দেড়যুগেরও বেশী সময় ধরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং আই সি ডি ডি আর বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্ট (যা ইতিপূর্বে এম.সি.এইচ. এফ.পি. আরবান ও রুরাল এক্সটেনশন প্রজেক্ট নামে দু'টি পৃথক প্রজেক্ট হিসেবে কার্যরত ছিল) যৌথভাবে কাজ করে আসছে। অপারেশন্স রিসার্চ প্রজেক্ট মাঠ পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রায়োগিক গবেষণার মাধ্যমে জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীর ব্যবস্থাপনা উন্নয়ন, সেবার মান বৃদ্ধি ও স্থায়িত্বশীলতা অর্জনের পথ ও পদ্ধতি নিরূপণে কাজ করে চলেছে। উল্লেখ্য যে, এই প্রজেক্টের গবেষণালব্ধ সুফল জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীতে অন্তর্ভুক্ত হয়ে আসছে।

বর্তমানে জাতীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মসূচীর আওতায় অত্যাৱশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের প্রয়োজনীয়তা সংশ্লিষ্ট সকল মহল কর্তৃক স্বীকৃত হয়েছে। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার গ্রহণযোগ্যতা বৃদ্ধির অন্যতম প্রধান শর্ত হচ্ছে উন্নত মানের সেবা প্রদান এবং আমরা জানি, উন্নতমানের সেবা প্রদানের নিশ্চয়তা বিধানের জন্য কার্যকরী প্রশিক্ষণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেবা প্রদানের সঠিক নির্দেশনা ইতিপূর্বে বাংলা ও ইংরেজী ভাষায় অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা প্যাকেজ প্রটোকল প্রকাশিত হয়েছে।

স্বাস্থ্যসেবা প্রদানকারীরা যেন সঠিক উপায়ে এবং যথাযথভাবে এই প্রটোকলটি ব্যবহার করে সেবা দিতে পারেন, সে উদ্দেশ্যে এই প্রশিক্ষণ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছে। এতে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনার পদ্ধতি ও প্রক্রিয়া এবং প্রশিক্ষণের বিষয়বস্তু বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। আশাকরি এই প্যাকেজ অনুসরণ করে প্রশিক্ষকগণ খুব সহজেই অংশগ্রহণমূলক পদ্ধতিতে ফলপ্রসূভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা বাস্তবায়নে প্রায়োগিক গবেষণার উদ্দেশ্যে ছয়টি প্রাথমিক সেবা কেন্দ্রে অর্থাৎ তিনটি সরকারী ডিসপেন্সারী ও তিনটি এনজিও ক্লিনিকে সেবা প্রদানকারীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে এ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছিল। এ প্রকাশনায় NIPHP (জাতীয় সম্বন্ধিত জনসংখ্যা ও স্বাস্থ্য কর্মসূচী) পার্টনারদের যৌথ প্রচেষ্টায় প্রণীত বিভিন্ন বিষয় অভিযোজন করা হয়েছে।

বর্তমান প্রয়োজনকে সামনে রেখে অত্যাৱশ্যকীয় সেবা প্রশিক্ষণ প্যাকেজ প্রকাশের সময়োচিত পদক্ষেপ গ্রহণের জন্য আমি আন্তরিকভাবে আই সি ডি ডি আর, বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্টকে ধন্যবাদ জানাই। আমার দৃঢ় বিশ্বাস, সরকারী ও বেসরকারী সেবাকেন্দ্রের প্রশিক্ষকগণ এই প্রশিক্ষণ প্যাকেজ ব্যবহার করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদানে সক্ষম হবেন।


মোহাম্মদ আলী

16 SEP 1998

A-031606

স্বীকৃতি পত্র

আইসিডিডিআর,বি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এই অপারেশন্স রিসার্চ প্রজেক্টটি বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা করা, গবেষণালব্ধ ফলাফল প্রচার করা এবং কারিগরি সাহায্য প্রদানের মাধ্যমে জাতীয় স্বাস্থ্য এবং জনসংখ্যা কর্মসূচীর (সরকারী, বেসরকারী ও বানিজ্যিক খাতে) উন্নয়ন করা।

আইসিডিডিআর,বি-এর সাথে যৌথ চুক্তিনামা নং ৩৮৮-০০৭১-এ-০০-৩০১৬-০০ এর অধীনে ইউ এস এ আই ডি ((USAID) এই প্রকাশনায় আর্থিক সাহায্য দিয়েছে। আইসিডিডিআর,বি কে আর্থিক সহায়তা প্রদানকারী দাতা সরকারসমূহ হচ্ছে, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, বেলজিয়াম, কানাডা, জাপান, নেদারল্যান্ড, নরওয়ে, সৌদি আরব, শ্রীলংকা, সুইডেন, সুইজারল্যান্ড, গ্রেটব্রিটেন এবং আমেরিকা। সহায়তা প্রদানকারী আন্তর্জাতিক সংস্থাসমূহের মধ্যে রয়েছে আরব গাল্ফ ফান্ড, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউনিসেফ, ইউএনডিপি এবং ওয়ার্ল্ড হেল্থ অরগানাইজেশন। ফাউন্ডেশনগুলোর মধ্যে রয়েছে আগা খান ফাউন্ডেশন, চাইল্ড হেল্থ ফাউন্ডেশন, ফোর্ড ফাউন্ডেশন, পপুলেশন কাউন্সিল, রক্ফেলার ফাউন্ডেশন, গ্র্যাশার রিসার্চ ফাউন্ডেশন এবং জর্জ ম্যাশন ফাউন্ডেশন। বেসরকারী সংস্থাসমূহের মধ্যে রয়েছে ইস্ট ওয়েস্ট সেন্টার, হেলেন কেলার ইন্টারন্যাশনাল, ইন্টারন্যাশনাল এটমিক এনার্জি এজেন্সী, ইন্টারন্যাশনাল সেন্টার ফর রিসার্চ অন উইমেন, ইন্টারন্যাশনাল ডেভেলোপমেন্ট রিসার্চ সেন্টার, ইন্টারন্যাশনাল লাইফ সাইন্সেস ইনস্টিটিউট, ক্যারোলিন্‌স্কা ইনস্টিটিউট, লন্ডন স্কুল অব হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন, লেডেরলি প্রাক্সিস, ন্যাশনাল ইনস্টিটিউট অব হেল্থ, নিউ ইংল্যান্ড মেডিসিন সেন্টার, প্রক্টর এন্ড গ্যাঞ্চল, র্যান্ড কর্পোরেশন, স্যোশাল ডেভেলোপমেন্ট সেন্টার অব ফিলিপাইন, সুইস রেড ক্রস, জন হপকিন্স ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব অ্যালাবামা এ্যাট বার্মিংহাম, ইউনিভার্সিটি অব লোয়া, ইউনিভার্সিটি অব গোটেবর্গ, ইউ সি বি অসমোটিক্স লিমিটেড, ওয়াশার এ,জি এবং আরোও অন্যান্য সংস্থা।

কৃতজ্ঞতা স্বীকার

এই প্রশিক্ষণ কারিকুলাম পর্যালোচনা করে যাঁরা মূল্যবান পরামর্শ ও মতামত প্রদান করে বিশেষ অবদান রেখেছেন, তাঁরা হচ্ছেনঃ

ডাঃ এ, এম, জাকির হোসেন	পরিচালক, পি এইচ সি, স্বাস্থ্য অধিদপ্তর
ডাঃ সামসুল হক	প্রকল্প পরিচালক, ইপিআই
ডাঃ জাফর আহমেদ হাকীম	প্রকল্প পরিচালক, এফপিসিএসপি, পরিকল্পনা অধিদপ্তর
ডাঃ এস এম আসিব নাসিম	প্রাক্তন প্রকল্প পরিচালক, সি ডি ডি প্রকল্প
ডাঃ এনামুল করিম	আই ই ডি সি, আর
ডাঃ আনওয়ারুল হক মিয়া	যৌন রোগ নিয়ন্ত্রণ প্রকল্প
ডাঃ খায়রুল ইসলাম	প্ল্যান ইন্টারন্যাশনাল
মিসেস লায়লা বাকী	ইউরোপিয়ান কমিশন
ডাঃ শবনম শাহনাজ	পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল
মিঃ মোহাম্মদ আলী ভূইয়া	আই সি ডি ডি আর,বি
ডঃ সুব্রত রাউথ	আই সি ডি ডি আর,বি
ডাঃ শেখ আমিনুল ইসলাম	আই সি ডি ডি আর,বি
ডাঃ সেলিনা আমিন	আই সি ডি ডি আর,বি

এ ছাড়া এই কারিকুলাম প্রণয়নে যাঁদের সুচিন্তিত পরামর্শ ও নেতৃত্ব বিশেষভাবে উল্লেখযোগ্য, তাঁরা হলেনঃ

প্রফেসর বরকত-ই-খুদা	অপারেশন রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি
ডঃ ক্রীস টুনন	অপারেশন রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি

প্রসব পরবর্তী সেবা

সূচীপত্র

প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী	১
প্রসব পরবর্তী সেবার মূল উদ্দেশ্য ও পদক্ষেপ	৩
প্রসব পরবর্তী সমস্যা ও সমাধান	৭
নবজাত শিশুর যত্ন, সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা	১৯
প্রসব পরবর্তী প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ	২৬
ধারণা যাচাই পত্র	৩০

প্রশিক্ষণ ম্যানুয়েল ব্যবহার করার নিয়ম

- প্রশিক্ষকদের সাহায্য করার জন্য এই ম্যানুয়েলটি শ্রীত হয়েছে। এর উপর ভিত্তি করে নির্ধারিত অধিবেশনগুলো পরিচালনা করা যাবে।
- প্রশিক্ষণ কর্মসূচী অংশগ্রহণমূলক ও কার্যকর করার জন্য যে প্রক্রিয়া ও প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করা হয়েছে তা আগে থেকে পড়ে প্রয়োজনীয় প্রস্তুতি নিন।
- বিভিন্ন ক্ষেত্রে যেমন রোগের নাম, ওষুধ, সাধারণভাবে ব্যবহৃত কিছু শব্দ ইংরেজীতে ব্যবহার করা হয়েছে। সেশন পরিচালনায় সহজতা অর্থাৎ অংশগ্রহণকারীর স্বাচ্ছন্দ্য অনুযায়ী বাংলা অথবা ইংরেজী ব্যবহার করতে পারেন।
- প্রশিক্ষণের প্যাকেজের দশটি সেবার জন্য একটি পরিচিতি অধিবেশন ও যোগাযোগের সেশন তৈরী করা হয়েছে। সেশনটি আপনার সুবিধামতো প্রশিক্ষণ কর্মসূচীতে অন্তর্ভুক্ত করে নেবেন। তবে কর্মসূচীর প্রথম দিকে করা বাঞ্ছনীয়। এতে অংশগ্রহণকারীরা গ্রহীতার সাথে সফল যোগাযোগের প্রক্রিয়া সঠিকভাবে অনুধাবন করতে পারবেন যা পরবর্তীতে ভূমিকাভিনয় বা অনুশীলনে সহায়ক হবে।
- প্রশিক্ষণকে উপভোগ্য ও আকর্ষণীয় করার সম্ভাব্য উপায় হিসেবে ম্যানুয়েলে কিছু খেলার উল্লেখ রয়েছে। একঘেয়েমী ও ক্লান্তি দূরীকরণার্থে উদ্দীপক হিসাবেও কোন কোন খেলা ব্যবহার করা যেতে পারে।
- প্রশিক্ষণপূর্ব ও পরবর্তী ধারণা যাচাই করার জন্য প্রতিটি বিষয়ের শেষে একটি মূল্যায়ন পত্র সংযোজন করা হয়েছে। এটি একটি নমুনা মাত্র। প্রশিক্ষক ইচ্ছে করলে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারেন।
- প্রতিটি সেশনের উদ্দেশ্য অনুযায়ী সেশন পরিচালনার প্রক্রিয়া ধাপে ধাপে আলোচনার পর 'বিষয় সম্পর্কিত তথ্য' shade/বক্সে দেয়া হয়েছে।
- অনুশীলন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে হাসপাতাল বা ক্লিনিক পরিদর্শনের সময়সীমা অথবা দিন প্রয়োজন অনুযায়ী বাড়ানো যেতে পারে। যেমন ডায়রিয়া, শ্বাসতন্ত্রের সংক্রমণ বা প্রজননতন্ত্র/যৌনবাহিত সংক্রমণ ব্যবস্থাপনার ক্ষেত্রে। এ ছাড়া কোন বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রয়োজনে ক্লিনিক ভিজিটের আয়োজন করা যেতে পারে।
- যে সমস্ত সেশনে VIPP কার্ড ব্যবহার করা হয়েছে, নমুনা হিসাবে কিছু রঙের উল্লেখ আছে। VIPPএর নীতিমালা অনুসরণ করে আপনার সুবিধা অনুযায়ী অন্য কোন রঙ ব্যবহার করতে পারেন। VIPP কার্ড ব্যবহারের নিয়ম প্রশিক্ষণ পদ্ধতিতে উল্লেখ করা হয়েছে।
- জাতীয় নীতিমালা অনুযায়ী শিশুকে প্রথম ৬ মাস পর্যন্ত (৫ মাসের পরিবর্তে) শুধুমাত্র বুকের দুধ দিতে বলুন। ৬ মাস পূর্ণ হলে বুকের দুধের পাশাপাশি বাড়তি খাবার দিতে হবে।

প্রসব পরবর্তী সেবাঃ প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী

স্থিতি : ১৫ মিনিট

পূর্বপ্রস্তুতি : - প্রশিক্ষণের উদ্দেশ্য পোষ্টার পেপারে বা ট্রান্সপারেঞ্জীতে লিখে নিন।
- প্রশিক্ষণ কর্মসূচী প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করে রাখুন।

প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের গুভেচ্ছা ও স্বাগত জানিয়ে কর্মসূচীর সূচনা করুন।
- ট্রান্সপারেঞ্জী অথবা পোষ্টার পেপারের সাহায্যে কর্মসূচীর উদ্দেশ্য ব্যাখ্যা করুন।
- এবার কর্মসূচীর কপি প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন এবং কর্মসূচী আলোচনা করুন। কর্মসূচী আলোচনার সময় প্রশিক্ষণে ব্যবহৃত পদ্ধতি ও উপকরণ সম্পর্কে কিছুটা ধারণা দিন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান। এছাড়া চা বিরতি, মধ্যাহ্ন বিরতি ও প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাইয়ের সময়সূচী উল্লেখ করুন।

প্রশিক্ষণের উদ্দেশ্য

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা -

১. প্রসব পরবর্তী অথবা প্রসবোত্তর ভিজিটে মায়াদের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন;
২. নবজাত শিশুর সমস্যা চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারবেন; এবং
৩. প্রসব পরবর্তী ভিজিটে মায়াদের বুকের দুধ খাওয়ানো, টিকাদান ও পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ দিতে পারবেন।

প্রসব পরবর্তী সেবা

স্থিতিঃ ১ দিন
প্রশিক্ষণ কর্মসূচী *

সময়	পাঠ	অধিবেশন
৯ঃ০০ - ৯ঃ১৫		প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী
৯ঃ১৫ - ৯ঃ৩০		প্রশিক্ষণ-পূর্ব ধারণা যাচাই
৯ঃ৩০ - ৯ঃ৪৫		চা বিরতি
৯ঃ৪৫ - ১০ঃ৪৫	১	প্রসব পরবর্তী সেবার মূল উদ্দেশ্য ও পদক্ষেপ
১০ঃ৪৫ - ১১ঃ০০		উদ্দীপক খেলা
১১ঃ০০ - ১ঃ০০	২	প্রসব পরবর্তী সমস্যা ও সমাধান
১ঃ০০ - ২ঃ০০		মধ্যাহ্ন বিরতি
২ঃ০০ - ৩ঃ০০	৩	নবজাত শিশুর যত্ন, সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা
৩ঃ০০ - ৩ঃ১৫		চা বিরতি
৩ঃ১৫ - ৪ঃ১৫	৪	প্রসব পরবর্তী প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ
৪ঃ১৫ - ৪ঃ৩০		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাইয়ের প্রস্তুতি
৪ঃ৩০ - ৫ঃ০০		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাইঃ প্রসবপূর্ব এবং প্রসব পরবর্তী সেবা

* অংশগ্রহণকারী বা কর্মসূচীর প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা যেতে পারে

প্রসব পরবর্তী সেবার মূল উদ্দেশ্য ও পদক্ষেপ

- পাঠ : ১
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা ও উদ্দেশ্য বলতে পারবেন; এবং
খ. প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপ ব্যাখ্যা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী
ক	প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা ও উদ্দেশ্য	১৫ মি.	ধারণা প্রকাশ (VIPP পদ্ধতিতে)	VIPP বোর্ড, মার্কার, ট্রান্সপারেন্সী
খ	প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপ	২৫ মি.	ছোট দলে আলোচনা	পোস্টার পেপার, মার্কার, ট্রান্সপারেন্সী
	শিক্ষণ মূল্যায়ন	১৫ মি.	প্রশ্নোত্তর	---

পূর্বপ্রস্তুতি : নীচের বিষয়গুলো ট্রান্সপারেন্সীতে কপি করে নিন -

১. সেশনের উদ্দেশ্য
২. প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা
৩. প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপ

VIPP বোর্ড, যথেষ্ট সংখ্যক VIPP কার্ড ও মার্কার যোগাড় করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- : ৫ মিনিট
- : - এভাবে প্রশ্নের মাধ্যমে সূচনা করুন, 'বাংলাদেশে মা ও শিশু মৃত্যুর কারণগুলি কি কি? আপনাদের এলাকায় সাধারণতঃ কি কি রোগে মা/শিশুরা মারা যায়?'
- অংশগ্রহণকারীদের উত্তরের সাথে সম্মতি জানিয়ে উল্লেখ করুন যে, 'এখনও বাংলাদেশে অনেক মা প্রসব পরবর্তী রক্তস্রাব, গর্ভপাত, একলাম্পশিয়া, সেপসিস, বাধাপ্রাপ্ত প্রসব (Obstructed Labour) ইত্যাদি কারণে মারা যায়। নবজাত শিশু মৃত্যুহারও বিশ্বের অন্যান্য দেশের চেয়ে অনেক বেশী। শিশু মৃত্যুর মূল কারণগুলো হচ্ছে 'নিউমোনিয়া', 'জন্মকালীন কম ওজন', 'ধনুষ্টংকার' ও 'জন্মকালীন আঘাত'। মা ও শিশুর এই মৃত্যু প্রতিহত করতে প্রসব পরবর্তী সেবার ভূমিকা অনস্বীকার্য।'
- এই সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সীর সাহায্যে ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য-ক
স্থিতি
প্রক্রিয়া

- : প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা ও উদ্দেশ্য
- : ১৫ মিনিট
- : - যে কোন একজন অংশগ্রহণকারীকে প্রশ্ন করুন 'প্রসব পরবর্তী সেবা বলতে আমরা কি বুঝি এবং কখন এই সেবা নিতে আসার জন্য মাকে পরামর্শ দেব?'
- অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত নিন। প্রয়োজনে আপনিও সহায়তা দিন। ট্রান্সপারেন্সীতে প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা প্রদর্শন করুন।
- এবার অংশগ্রহণকারীদের টেবিল থেকে কার্ড ও মার্কার নিয়ে প্রসবোত্তর সেবার ১টি উদ্দেশ্য লিখতে বলুন। ২ মিনিট সময় নির্ধারণ করুন। লেখা হয়ে গেলে কার্ডটি উল্টো করে টেবিলে রেখে যেতে বলুন। সব কার্ড জমা হলে কার্ডগুলো shuffle করুন। একটি করে কার্ড জোরে পড়ে শোনান ও এক ধরনের কার্ডগুলো ক্লাস্টার করে বোর্ডে লাগান। কোন পয়েন্ট বাদ গেলে কার্ডে লিখে যোগ করে দিন।

প্রসব পরবর্তী সেবা

সংজ্ঞাঃ

প্রসবের পর ৬ সপ্তাহ পর্যন্ত মা ও শিশুর সংক্রমণ রোধ এবং সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে চিকিৎসা ব্যবস্থায় যে যত্ন নেয়া হয় তাকে প্রসব পরবর্তী সেবা বলে।

প্রসব যেখানেই হোক না কেন, প্রত্যেক মা প্রসবের ২ সপ্তাহের মধ্যে একবার এবং ৬ সপ্তাহ অর্থাৎ ৪২ দিনে দ্বিতীয়বার প্রসব পরবর্তী ভিজিটে আসবেন।

প্রসব পরবর্তী সেবার উদ্দেশ্য

ক.	প্রসব পরবর্তী মা ও শিশুর সুস্বাস্থ্য নিশ্চিত করা
খ.	মা ও শিশুর শারীরিক সমস্যা নিরূপণ করে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দেয়া
গ.	মাকে বুকের দুধ ও শিশুর যত্ন সম্পর্কে পরামর্শ দেয়া
ঘ.	পরিবার পরিকল্পনা ও ইপিআই এর পরামর্শ ও সেবা দেয়া

উদ্দেশ্য-গ	:	প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপ
স্থিতি	:	২৫ মিনিট
প্রক্রিয়া	:	- অংশগ্রহণকারীদের কোন একটি খেলার সাহায্যে ২/৩টি দলে ভাগ করুন। প্রতিটি দল 'প্রসব পরবর্তী মায়ের সেবার মূল পদক্ষেপ' আলোচনা করে লিখবেন। - অংশগ্রহণকারীদের ছোট দলে কাজ করার নিয়ম মনে করিয়ে দিন ও দলীয় কাজের স্থান দেখিয়ে দিন। পোস্টার পেপার ও মার্কার দিন। ১০ মিনিট সময় নির্ধারণ করুন। - ১০ মিনিট পর সবাইকে বড় দলে ফিরে আসতে বলুন। প্রতিটি দলের উপস্থাপনার পর অন্যান্য দলের মতামত নিন। - সব দলের উপস্থাপনা শেষ হলে ট্রান্সপারেন্সিতে মূল পদক্ষেপের চার্টটি দেখান ও দলীয় কাজের সাথে তুলনা করে দেখতে বলুন। - একজন অংশগ্রহণকারীকে ট্রান্সপারেন্সী দেখিয়ে ছকটি ব্যাখ্যা করার আমন্ত্রণ জানান।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি	:	১৫ মিনিট
প্রক্রিয়া	:	একজন অংশগ্রহণকারীকে সেশনের মূল শিক্ষণ প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করার জন্য সামনে আহ্বান করুন। প্রয়োজনে আপনিও প্রশ্ন করতে পারেন। ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

নমুনা প্রশ্নঃ

- প্রসব পরবর্তী সেবার উদ্দেশ্য কি কি?
- প্রসব পরবর্তী সেবার সংজ্ঞা কি?
- প্রসবোত্তর সেবার মূল পদক্ষেপ এর ছকটি বোর্ডে এঁকে দেখান।
- প্রসব পরবর্তী ভিজিটে মা কখন আসবেন?

প্রসব পরবর্তী ভিজিটের মূল পদক্ষেপ

মহিলা প্রসব পরবর্তী সেবা নিতে এসেছেন -

ইতিহাস নিন

মা ও শিশুর শারীরিক
পরীক্ষা করুন

- কোন জটিল সমস্যা থাকলেঃ পরামর্শ দিয়ে রেফার করুন
- ছোটখাট সমস্যায় : ব্যবস্থাপনা ও পরামর্শ দিন

মাকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ দিনঃ

- প্রসবের পর ব্যক্তিগত পরিচর্যা
- মায়ের খাবার
- স্তনের যত্ন
- শুধুমাত্র বুকের দুধ খাওয়ান
- শিশুর টিকা
- নাভির যত্ন
- জন্মানিয়ন্ত্রন পদ্ধতি

- মাকে আয়রন - ফলিক এসিড ট্যাবলেট দিন (১ মাসের জন্য)
(সরবরাহ না থাকলে সম্ভব হলে কিনে খাওয়ার পরামর্শ দিন)
- পূর্বে দেয়া না হলে ২০০,০০০ IU 'ভিটামিন এ' ক্যাপসুল প্রসবের দুই সপ্তাহের মধ্যে মাকে খাওয়ান

প্রসব পরবর্তী সমস্যা ও সমাধান

পাঠ	: ২
স্থিতি	: ২ ঘন্টা
উদ্দেশ্য	: অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রসব পরবর্তী সংক্রমণের সংজ্ঞা, লক্ষণ, ব্যবস্থাপনা ও প্রতিরোধের উপায় বলতে পারবেন;
- খ. প্রসব পরবর্তী মায়ের স্তনের সমস্যার কারণ, লক্ষণ, ব্যবস্থাপনা ও প্রতিরোধ বর্ণনা করতে পারবেন; এবং
- গ. প্রসব পরবর্তী মায়ের শারীরিক পরীক্ষা করে সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেঙ্গী
ক	প্রসব পরবর্তী সংক্রমণের সংজ্ঞা, লক্ষণ, ব্যবস্থাপনা, প্রতিরোধ	১ ঘন্টা ৩০ মি.	পাঠচক্র ও সতীর্থ শিক্ষণ	সহায়ক তথ্যের কপি
খ	স্তনের বিভিন্ন সমস্যা ও ব্যবস্থাপনা			
গ	প্রসবোত্তর মায়ের শারীরিক পরীক্ষা	১৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	প্রশ্ন লেখা কার্ড/কাগজ

পূর্বপ্রস্তুতি : - নিম্নলিখিত বিষয়ের উপর ট্রান্সপারেঙ্গী তৈরী করুন -

- সেশনের উদ্দেশ্য
- শারীরিক পরীক্ষার ছক
- জরায়ুর ক্রমসংকোচনের ছবি

- অংশগ্রহণকারীর সংখ্যা অনুযায়ী উদ্দেশ্য ক ও খ- এর সহায়ক তথ্য কপি করে রাখুন।
- নমুনা প্রশ্নগুলো কার্ডে অথবা ছোট ছোট কাগজে লিখে ভাঁজ করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ৫ মিনিট

: - ভূমিকায় বলতে পারেন, 'গত সেশনে মূল পদক্ষেপে আমরা দেখেছি প্রসবোত্তর ভিজিটে এলে প্রথমে মায়ের ইতিহাস নিতে হয় ও শারীরিক পরীক্ষা করতে হয়। ইতিহাস ও শারীরিক পরীক্ষায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কিভাবে সমস্যাগুলোকে চিহ্নিত করে সঠিক ব্যবস্থাপনা দেয়া যায় তা আমরা এই সেশনে আলোচনা করবো।

- ট্রান্সপারেন্সী দেখিয়ে সেশনের উদ্দেশ্য একজন অংশগ্রহণকারীকে পড়ে ব্যাখ্যা করতে বলুন।

উদ্দেশ্য-ক ও খ

স্থিতি

প্রক্রিয়া

: প্রসবোত্তর সংক্রমণ ও স্তনের বিভিন্ন সমস্যার ব্যবস্থাপনা

: ১ ঘন্টা ৩০ মিনিট

: - অংশগ্রহণকারীদের দু'টি দলে ভাগ করুন।

- সব অংশগ্রহণকারীকে উদ্দেশ্য ক ও খ এর সহায়ক তথ্যের কপি দিন এবং দলে বসে পড়ে আলোচনা করতে বলুন। প্রতিটি দল থেকে একজন আগ্রহী অংশগ্রহণকারীকে দলের প্রতিনিধি নির্বাচন করুন এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করার দায়িত্ব দিন। খেলার নিয়ম বর্ণনা করুন : দু'টি দল গ্রুপে পড়ার পর আলোচনা করে প্রশ্ন তৈরী করবেন। যদি প্রতি দলে ১০ জন অংশগ্রহণকারী থাকে তবে ২০টি প্রশ্ন তৈরী করবেন। প্রত্যেকে ২টি করে প্রশ্ন নিজ খাতার একটি সাদা পাতায় লিখে রাখবেন। লক্ষ্য রাখতে হবে একই দলে প্রশ্নের যেন পুনরাবৃত্তি না হয় এবং প্রশ্নগুলো অবশ্যই সংক্ষিপ্ত, সহায়ক তথ্যভিত্তিক ও সুনির্দিষ্ট হয়। পড়া ও প্রশ্ন তৈরীর জন্য ৪০ মিনিট সময় নির্ধারণ করুন।

- নির্দিষ্ট সময় পর সবাইকে বড় দলে ফিরে আসার আমন্ত্রণ জানান। যদি অংশগ্রহণকারী বেজোড় সংখ্যক হন তবে একজনকে আপনার সাহায্যকারী হিসাবে কাজ করতে অনুরোধ জানান। দুটো দল দুই পাশে সারিবদ্ধভাবে মুখোমুখি বসবেন। কোন্ দল আগে প্রশ্ন করবে তা টস করে নির্ধারণ করুন। কাকে প্রশ্ন করবেন তা নির্ধারিত হবে মুখোমুখি বসা থেকে অথবা লটারীতে নম্বর বিতরণের মাধ্যমে। প্রশ্ন দুটো ছাড়া অন্যান্য বই বা খাতা বন্ধ রাখতে বলুন। প্রশ্নপর্ব শুরু হওয়ার আগে প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করুন এবং খেলার নিয়ম ভালো করে ব্যাখ্যা করুন।

- বলুন যে, প্রশ্নকারীর প্রশ্নের উত্তর উত্তরদাতা দিতে পারলে সেই দল ৫ নম্বর পাবে। না পারলে দল থেকে যদি কেউ উত্তর দিতে পারেন তবে দল ৩ নম্বর পাবে। তবে দলও যদি উত্তর দিতে ব্যর্থ হয় তবে প্রশ্নকারীকে সেই প্রশ্নের উত্তর দিতে হবে। এক্ষেত্রে প্রশ্নকারীর দল কোন নম্বর পাবে না। কিন্তু প্রশ্নকারী নিজেই উত্তর দিতে না পারলে সেই দল থেকে ৫ নম্বর বিয়োগ হবে। অর্থাৎ নিজে উত্তর না জেনে কোন প্রশ্ন করা যাবে না।

- এভাবে প্রশ্নের খেলা চলতে থাকবে। কোন প্রশ্ন যদি অন্যদল আগেই করে তবে সেই প্রশ্ন পুনরাবৃত্তি করা যাবে না। তখন খাতায় যে বাড়তি আরেকটি প্রশ্ন আছে তা থেকে প্রশ্ন করতে হবে। প্রত্যেক অংশগ্রহণকারী এভাবে ১টি করে প্রশ্ন করার ও ১টি উত্তর দেবার সুযোগ পাবেন। উল্লেখ করুন যে, কোন বিষয়ে দ্বিমত হলে সহায়ক তথ্যের ভিত্তিতে আপনার (প্রশিক্ষকের) দেয়া মতামতই চূড়ান্ত বলে ধরে নিতে হবে।
- বোর্ডে ২ দলের নাম দুই দিকে লিখে রাখুন। কোন সাহায্যকারী থাকলে তাকে নম্বর রেকর্ড ও যোগ করতে বলুন।
- সবার প্রশ্নোত্তর শেষ হলে দলের অর্জিত নম্বর যোগ করে বিজয়ী দল ও অপর দলকে অংশগ্রহণের জন্য ধন্যবাদ দিন।
- পুরো খেলাটি ৫০ মিনিটের মধ্যে পরিচালনা করুন।
- খেলা শেষে এভাবে উপসংহার টানতে পারেন, 'এতক্ষণ আমরা খেলার মাধ্যমে প্রসবোত্তর মায়ের বিভিন্ন সমস্যার ব্যবস্থাপনা শিখতে চেষ্টা করলাম। খেলায় হার জিত বড় নয় শিখতে পারাটাই বড় কথা আর এটাই ছিল সেশনের উদ্দেশ্য।'

প্রসব পরবর্তী সংক্রমণ (Puerperal Sepsis)

সংজ্ঞাঃ

প্রসবের পর প্রজননতন্ত্রের সংক্রমণকে Puerperal Sepsis বা প্রসব পরবর্তী সংক্রমণ বলা হয়। প্রসব পরবর্তী সময়ে Puerperal Sepsis সবচেয়ে পরিচিত জটিলতা। সাধারণতঃ প্রসবের ২-৩ সপ্তাহের মধ্যে এ সংক্রমণ বেশী দেখা যায়।

লক্ষণ/চিহ্নঃ

- ১। তলপেটে ব্যথা
- ২। রক্তস্রাব ও দুর্গন্ধযুক্ত লকিয়া (lochia)
- ৩। প্রচণ্ড জ্বর
- ৪। তলপেটে চাপ দিলে ব্যথা
- ৫। জরায়ু নরম ও আকারে বড়
- ৬। শক (Shock) এর লক্ষণ থাকতে পারেঃ
 - রক্তচাপ কমে যাওয়া
 - নাড়ির গতি বৃদ্ধি
 - অজ্ঞান হওয়া

ব্যবস্থাপনাঃ

সংক্রমণ চিহ্নিত করে মাকে তাৎক্ষণিক হাসপাতালে রেফার করতে হবে। মাকে এবং মায়ের সংগে যিনি এসেছেন, তাঁকে এ সংক্রমণের গুরুত্ব বুঝিয়ে বলতে হবে। সময়োচিত পদক্ষেপ নিলে অনেক মাকে মৃত্যুর হাত থেকে বাঁচানো সম্ভব।

প্রতিরোধ:

- নিরাপদ প্রসব নিশ্চিত করা
- হাসপাতাল/ডাক্তার অথবা প্রশিক্ষণপ্রাপ্ত দাই দ্বারা জীবাণুমুক্ত অবস্থায় প্রসব করানো
- প্রসবের আগে বা পরে অকারণে P/V না করা
- P/V করার প্রয়োজন হলে জীবাণুমুক্ত gloves ব্যবহার করা
- প্রসবের পরে ব্যক্তিগত পরিচ্ছন্নতা মেনে চলা যেমন : পরিষ্কার কাপড়, প্যাড ও পানি ব্যবহার
- প্রসূতি মাকে সংক্রমিত ব্যক্তি থেকে দূরে রাখা

স্তনের বিভিন্ন সমস্যা

সাধারণতঃ দেখা যায়, শিশু জন্মের পর মায়েরা স্তনের বিভিন্ন সমস্যায় ভোগেন এবং শিশুকে বুকের দুধ দিতে অসুবিধা বোধ করেন। সমস্যাগুলো হচ্ছে :

- ক) স্তনের বোঁটা চ্যাপ্টা (flat), ভিতরে ঢোকানো (inverted) বা লম্বা (long nipple)
- খ) স্তন ফোলা বা স্ফীত হওয়া (engorgement)
- গ) দুধবাহী নালী বন্ধ হয়ে যাওয়া (blocked duct) ও স্তনের প্রদাহ (mastitis)
- ঘ) স্তনের বোঁটায় ক্ষত বা ফাঁটা (sore nipple and cracked nipple)
- ঙ) স্তনে ফোঁড়া (breast abscess)

প্রসব পরবর্তী ডিজিটে এই ধরনের সমস্যা নিরূপন করে ব্যবস্থাপনা দেয়া অত্যন্ত জরুরী। মা যেন বুকের দুধ খাওয়ানো বন্ধ না করেন সেজন্য পরামর্শ ও উৎসাহ দিতে হবে।

ক) চ্যাপ্টা, ভিতরে ঢোকানো ও লম্বা বোঁটার ব্যবস্থাপনা

সমস্যা	করণীয়
প্রসবপূর্ব	<ul style="list-style-type: none">• বোঁটা মালিশ করে উঠিয়ে দেয়া (Manual Lifting) শিখিয়ে দিন• মায়ের আস্থা তৈরী করুন
প্রসবের পর পর	<ul style="list-style-type: none">• মায়ের আস্থা তৈরী করুন• ব্যাখ্যা করুন যে শিশু শুধু বোঁটা চোষেনা, স্তন চোষে। সুতরাং বোঁটার বিভিন্ন সমস্যায় শিশু দুধ খেতে পারে• শিশুকে সঠিক অবস্থানে দুধ খাওয়াতে মাকে সাহায্য করুন। ('বুকের দুধ ও শিশুর খাদ্য' মডিউলে সঠিক অবস্থান আলোচনা করা হয়েছে।)• প্রয়োজনবোধে প্রথম ২ সপ্তাহ স্তন চেপে দুধ বের করে একটি কাপে নিয়ে শিশুকে খাওয়াতে বলুন অথবা দুধ চেপে সরাসরি শিশুর মুখে দিতে বলুন।

খ) স্তন ফোলা (Engorement)

দুধ জমে স্তন ভার হওয়া (Full Breast) ও স্ফীত হওয়ার (Engorged Breast) মধ্যে বেশ কিছু পার্থক্য আছে। সাধারণতঃ প্রথম প্রসূতির শিশুকে সঠিকভাবে বুকের দুধ দিতে পারেন না বলে প্রসবের ৩-৫ দিনের মধ্যে স্তন ফোলার বা স্ফীত হওয়ার সমস্যা দেখা দিতে পারে।

ভরা স্তন ও ফোলা স্তন এর পার্থক্য (Difference between Full Breast and Engorged Breast)

ভরা স্তন (Full Breast)	ফোলা স্তন (Engorged Breast)
<ul style="list-style-type: none"> • গরম • ভারী • শক্ত • দুধ বের হয় • জ্বর থাকে না 	<ul style="list-style-type: none"> • ব্যথায়ুক্ত স্তন • ফোলা • স্তনবৃত্ত tight (টানটান), চকচকে ও লালাচে হতে পারে • দুধ বের হয় না • জ্বর থাকে

স্তন ফোলার (Engorged Breast) কারণ, প্রতিরোধ ও ব্যবস্থাপনা

কারণ	প্রতিরোধ	ব্যবস্থাপনা
প্রচুর দুধের প্রবাহ		শিশু যদি দুধ চুষে খেতে পারেঃ - বার বার বুকের দুধ দিতে হবে - সঠিক অবস্থানে দুধ খাওয়াতে হবে
দেহীতে দুধ খাওয়ানো শুরু করা	প্রসবের পর পর দুধ খাওয়ানো শুরু করতে হবে। প্রসব-পূর্ব ও প্রসব-কালীন সেবার সময় মাকে ও বাড়ীর অন্যান্য মহিলা সদস্য/স্বামীদের এ ব্যাপারে পরামর্শ দিতে হবে।	যদি শিশু দুধ চুষে খেতে না পারেঃ পাম্প দিয়ে বা দুধ চেপে বের করে শিশুকে খাওয়াতে হবে
সঠিক অবস্থানে বা নিয়মে দুধ না খাওয়ানো	মাকে আশ্বস্ত করুন ও প্রয়োজনীয় সহায়তা দিন	শিশুকে দুধ দেবার আগেঃ - মায়ের বুকে গরম সেক দিতে বলুন - পিঠে, ঘাড়ে ও স্তনে হালকা মালিশ করতে বলুন - মাকে নিশ্চিত ও relax হতে সাহায্য করুন
যথেষ্ট পরিমাণে দুধ না দেয়া ও লম্বা বিরতি দিয়ে দুধ খাওয়ানো	শিশুকে বারবার ও পর্যাপ্ত সময় নিয়ে দুধ খাওয়ানোর পরামর্শ দিন	শিশুকে দুধ দেবার পরেঃ মায়ের বুকে ঠান্ডা সেক (Cold pack/compress) দিতে বলুন

গ) দুগ্ধবাহী নালী বন্ধ হয়ে যাওয়া (Blocked Duct) ও স্তনের প্রদাহ (Mastitis)

কোন কারণে দুগ্ধবাহী নালী বন্ধ হয়ে গেলে → দুধ জমে যায় এবং → স্তনে সংক্রমণবিহীন প্রদাহ দেয়া দেয় (প্রাথমিক লক্ষণ প্রকাশ পায়) → ধীরে ধীরে জীবাণু সংক্রমণ হয় ও পরবর্তী লক্ষণ দেখা দেয়।

কারণ	প্রাথমিক লক্ষণ	ব্যবস্থাপনা
<ul style="list-style-type: none"> • অপরিষ্কার স্তন্যদান • অপরিষ্কার স্তন চোষা • কাপড়ের চাপে বাধাপ্রাপ্ত হওয়া • দুধ খাওয়ানোর সময় হাত দিয়ে স্তন চেপে রাখা • স্তন খুব বড় হলে দুধ বের হতে বা নিঃসরণে সমস্যা হওয়া • মায়ের দুশ্চিন্তা, কর্মব্যস্ততা • স্তনে আঘাত • বোঁটায় ফাঁটা থাকায় ব্যাকটেরিয়ার আক্রমণ হওয়া 	<p><u>প্রাথমিক লক্ষণ (সংক্রমণবিহীন প্রদাহ):</u></p> <ul style="list-style-type: none"> • স্তনে চাকা • স্পর্শ করলে ব্যথা অনুভূত হওয়া • স্তনের কোন অংশ লাল হয়ে যাওয়া • জ্বর থাকে না এবং মা সুস্থ থাকেন <p><u>পরবর্তী লক্ষণ (জীবাণু সংক্রমণ):</u></p> <ul style="list-style-type: none"> • প্রচণ্ড ব্যথা • স্তনে লাল ফোলা শক্ত অংশ • জ্বর • মা অসুস্থ হয়ে পড়েন 	<p><u>দুধ নিঃসরণের ব্যবস্থা করতে হবে:</u></p> <ul style="list-style-type: none"> • সঠিক অবস্থানে দুধ খাওয়াতে সহায়তা করুন • বুকে কাপড় বা আঙ্গুলের চাপ যেন না পড়ে লক্ষ্য রাখতে বলুন • বারবার দুধ খাওয়াতে বলুন • স্তনে হালকা মালিশ ও গরম সেক দেবার পরামর্শ দিন • সুস্থ স্তন থেকে দুধ খাওয়ানো শুরু করতে বলুন • মাঝে মাঝে অবস্থান পরিবর্তনের পরামর্শ দিন <p><u>যদি ২৪ ঘন্টার মধ্যে উন্নতি না হয়:</u></p> <ul style="list-style-type: none"> • এন্টিবায়োটিক দিন • মাকে সম্পূর্ণ বিশ্রাম নিতে বলুন • ব্যথার ওষুধ দিন • প্রয়োজনে রেফার করুন

ঘ) স্তনের বোঁটায় ক্ষত বা ফাঁটা (Sore Nipple and Cracked Nipple)

কারণ	ব্যবস্থাপনা
<ul style="list-style-type: none"> • সঠিক অবস্থানে বা সঠিক নিয়মে দুধ না খাওয়ালে • Breast Engorgement এর সঠিক ব্যবস্থাপনা না হলে • শিশুর মুখে কোন সংক্রমণ থাকলে • শিশুর জিহ্বার কোন সমস্যা থাকলে (tongue tie) 	<ul style="list-style-type: none"> - কারণ অনুসন্ধান করুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন - মায়ের আস্থা তৈরী করুন - সঠিক পদ্ধতি ও নিয়মে দুধ খাওয়াতে সহায়তা করুন - Engorgement থাকলে সঠিক ব্যবস্থাপনা দিন - শিশুর মুখে Candida সংক্রমণ হলে প্রয়োজনীয় চিকিৎসা দিন <p><u>মাকে পরামর্শ দিন:</u></p> <ul style="list-style-type: none"> - দিনে একবার স্তন ধোবেন এবং ধোয়ার সময় সাবান ব্যবহার করবেন না - স্তনে কোন লোশন বা মলম ব্যবহার করবেন না - দুধ খাওয়ানো শেষ হওয়ার পর বোঁটায় একটু দুধ মেখে রাখবেন

৬) স্তনে ফোঁড়া (Breast Abscess)

স্তনে জীবাণু সংক্রমণজনিত প্রদাহ হয়ে পুঁজ জমা হলে তাকে স্তনে ফোঁড়া বা Breast Abscess বলা হয়। স্তনের প্রদাহ (mastitis) সঠিকভাবে চিকিৎসা করা না হলে পরবর্তীতে এই সমস্যা দেখা দিতে পারে।

লক্ষণ	ব্যবস্থাপনা
<ul style="list-style-type: none"> - স্তন গরম, ফোলা, যন্ত্রণাপূর্ণ - চামড়া লাল ও উজ্জ্বল হয়ে যায় - একটি শক্ত দলা বা চাকা দেখা যায় যার একদিকে চাপ দিলে অন্যদিকে ফুলে ওঠে 	<ul style="list-style-type: none"> - মাকে সম্পূর্ণ বিশ্রাম নিতে বলুন - ঘন ঘন বুকের দুধ খাওয়াতে বলুন - সঠিক অবস্থান নিশ্চিত করুন - স্তনে গরম সেক দিন - প্রয়োজনে দুধ চেপে স্তন খালি রাখতে বলুন - প্যারাসিটামল দিনঃ 500 mg. দিনে ৪ বার। - এন্টিবায়োটিক দিনঃ Flucloxacillin - ২৫০ মি.গ্রা. ৬ ঘন্টা পর পর ৭ - ১০ দিন অথবা Erythromycin ২৫০ - ৫০০ মি.গ্রা. ৬ ঘন্টা পর পর ৭ - ১০ দিন - প্রয়োজনে হাসপাতালে রেফার করুন

উদ্দেশ্য-গ : প্রসব পরবর্তী মায়ের শারীরিক পরীক্ষা

স্থিতি : ১৫ মিনিট

প্রক্রিয়া : - বলুন যে, আমরা এতক্ষণ প্রসব পরবর্তী মায়ের বিভিন্ন সমস্যা আলোচনা করেছি। সঠিকভাবে ইতিহাস নিয়ে ও শারীরিক পরীক্ষা করে আমরা এই সমস্যাগুলো চিহ্নিত করতে পারি ও প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিতে পারি।

- ট্রান্সপারেন্সী প্রদর্শন করে শারীরিক পরীক্ষার ছকটি আলোচনা করুন।

শারীরিক পরীক্ষার সাহায্যে প্রসব পরবর্তী সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা

মূল পদক্ষেপের ছকে আমরা দেখেছি শারীরিক পরীক্ষা করার আগে মায়ের ইতিহাস নিতে হয়। ইতিহাস গ্রহণের সময় মায়ের কাছ থেকে জেনে নিতে হবে -

- মায়ের বয়স
- প্রসবের তারিখ
- প্রসবের বিস্তারিত বর্ণনা
- মায়ের কোন সমস্যা আছে কিনা, যেমনঃ প্রস্রাব বা পায়খানায় কোন সমস্যা, তলপেটে ব্যথা, দুগ্ধযুক্ত শ্রাব ইত্যাদি।

শারীরিক পরীক্ষাঃ সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা

শারীরিক পরীক্ষা	স্বাভাবিক	সমস্যা	ব্যবস্থাপনা
১। তাপমাত্রা	৯৮.৪° ফা.	তাপমাত্রা ১০১° ফা. ও ২৪ ঘন্টার (একদিনের) বেশীঃ - প্রসব পরবর্তী ইনফেকশন (Puerperal Sepsis)	হাসপাতালে রেফার করুন
		- মূত্রনালীর ইনফেকশন	এন্টিবায়োটিক দিন ও প্রয়োজনে রেফার করুন
		- স্তন ফুলে যাওয়া (Breast Engorgement)	শিশুকে বার বার সঠিক অবস্থানে বুকের দুধ খাওয়াতে বলুন স্তন চেপে দুধ বের করে দিতে বলুন
		- স্তনের ইনফেকশন	মাকে সম্পূর্ণ বিশ্রাম নিতে বলুন বার বার শিশুকে বুকের দুধ খাওয়াতে বলুন স্তনে গরম সেক ও Paracetamol খেতে বলুন antibiotic দিন ও প্রয়োজনে হাসপাতালে রেফার করুন
২। রক্তচাপ	১৪০/৯০ mmHg	যদি রক্তচাপ ১৪০/৯০ এর বেশী হয় এবং পায়ে পানি থাকে তাহলে প্রসব পরবর্তী একলামশিয়া দেখা দিতে পারে	হাসপাতালে রেফার করুন
৩। পায়ে পানি	স্বাভাবিকভাবে থাকবে না		
৪। রক্তস্বল্পতা	থাকে না Hb > 11 gm/dl	রক্তস্বল্পতা (+) Hb < 11 gm/dl অথবা < 78%	আয়রন ট্যাবলেট : ১টি করে দিনে ২ বার - ১ মাস খেতে বলুন আয়রন সমৃদ্ধ খাবার - যেমন সীম, শাকসজ্জী, কলিজা, ডিম খেতে বলুন।


শারীরিক পরীক্ষাঃ সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা

শারীরিক পরীক্ষা	স্বাভাবিক	সমস্যা	ব্যবস্থাপনা
৫। স্তন	স্বাভাবিকভাবে ভারী ও চাপ দিলে দুধ বের হয়	- স্তনে চাকা - স্তনে ফোঁড়া	হাসপাতালে রেফার করুন।
		- স্তন ফুলে যাওয়া (Breast Engorgement)	শিশুকে বার বার সঠিক অবস্থানে বুকের দুধ খাওয়াতে বলুন। স্তন চেপে দুধ বের করতে বলুন।
		- স্তনের বোঁটা ফেটে যাওয়া (Cracked Nipple)	স্তন শুকনো ও পরিষ্কার রাখতে বলুন। সঠিক অবস্থানে দুধ খাওয়ানো সাহায্য করুন ও দুধ খাওয়ানো চালিয়ে যেতে বলুন। দুধ খাওয়ানো শেষ হবার পর বোঁটায় একটু দুধ মেখে রাখতে বলুন। বোঁটা ফাটার সাথে খুব ব্যথা থাকলে হাসপাতালে রেফার করুন।
৬। জরায়ুর উচ্চতা	প্রসবের পর পর জরায়ুর উচ্চতা নাভির কাছে অনুভব করা যায়। তারপর প্রতিদিন ১ আঙ্গুল করে কমে এবং ১০ দিন পর পেটে হাত দিয়ে জরায়ু পাওয়া যায় না। ৬ সপ্তাহে জরায়ু আগের অবস্থায় ফিরে আসে। একে Involution of uterus বলে	জরায়ুর সঠিক ক্রমসংকোচন হয়নি (Sub-involution)	হাসপাতালে রেফার করুন

শারীরিক পরীক্ষাঃ সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা

শারীরিক পরীক্ষা	স্বাভাবিক	সমস্যা	ব্যবস্থাপনা
৭। স্রাব (Lochia)	স্বাভাবিকভাবে : • লাল স্রাব (Lochia rubra) : ১-৪ দিন • হলদে/গোলাপী/ হালকা বাদামী (Lochia serosa) ৫-৯ দিন • সাদা (Lochia alba) ১০-১৫ দিন	প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তস্রাব (Post partum Haemorrhage): প্রসব পরবর্তী রক্তস্রাবের কারণে মা দুর্বল হয়ে পড়েন, নাড়ীর গতি বেড়ে যায় এবং রক্তচাপ কমে যায়। দুর্গন্ধযুক্ত স্রাবঃ প্রসব পরবর্তী সংক্রমণের (Puerperal Sepsis) ফলে হতে পারে	Inj. Ergometrine 0.5mg IV দিয়ে হাসপাতালে রেফার করুন। হাসপাতালে রেফার করুন।
৮। পেরিনিয়াম	কোন ছেঁড়া থাকবে না Fistula থাকবে না	প্রসবের সময় ছিঁড়ে যেতে পারে (Perineal tear) Vesico-vaginal বা Recto-vaginal fistula	হাসপাতালে রেফার করুন। "
৯। খিচুনী	কোন খিচুনী থাকবে না	প্রসব পরবর্তী একলাম্পশিয়া	Inj. Diazepam 10-15 mg. ধীরে ধীরে IV দিন, মুখে mouth gag দিন। খিচুনী বন্ধ হলে হাসপাতালে রেফার করুন।

প্রসব পরবর্তী জরায়ুর ক্রম সংকোচন (Involution of Uterus)



ICDDR,B LIBRARY
DHAKA 1212

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

প্রক্রিয়া : - ছোট ছোট প্রশ্নের সাহায্যে শিক্ষণ মূল্যায়ন করতে পারেন। প্রশ্নগুলো আলাদা করে কার্ডে বা কাগজে লিখে রাখুন। অংশগ্রহণকারীরা একজন করে এসে কার্ড/কাগজ তুলে প্রশ্নটি বলবেন ও উত্তর দেবেন।

- সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

নমুনা প্রশ্নঃ

- প্রসব পরবর্তী মায়ের মৃত্যুর কারণ কি কি?
- প্রসব পরবর্তী সংক্রমণের লক্ষণ কি?
- প্রসব পরবর্তী সংক্রমণ হলে কি ব্যবস্থাপনা দেবেন?
- স্তন ফোলা (Breast Engorgement) এর কারণ কি?
- স্তন ফোলা হলে কি ব্যবস্থাপনা দেবেন?
- স্তন ফোলা প্রতিরোধ করার জন্য মাকে কি পরামর্শ দেবেন?
- স্তন ফোলা ও ভরা স্তন এর পার্থক্য কি?
- চ্যাপ্টা, ভেতরে ঢোকানো ও লম্বা বোঁটা হলে কি পরামর্শ দেবেন?
- দুগ্ধনালী বন্ধ হয়ে যাওয়ার কারণ কি?
- দুগ্ধনালী বন্ধ হয়ে গেলে কি কি লক্ষণ দেখা দেয়?
- দুগ্ধনালী বন্ধ হয়ে গেলে কি ব্যবস্থাপনা দেবেন?
- স্তনের বোঁটায় ক্ষত বা ফাঁটা হলে কি ব্যবস্থাপনা দেবেন?
- স্তনে ফোঁড়া হলে কি ব্যবস্থাপনা দেবেন?
- প্রসবের পর জরায়ু কিভাবে কতদিনে স্বাভাবিক অবস্থায় ফিরে আসে?
- প্রসবের পর কতদিন স্রাব (Lochia) থাকে? লকিয়ার রং কখন কেমন হয়?
- প্রসব পরবর্তী রক্তস্রাব বেশী হচ্ছে কিনা কিভাবে বুঝবেন?
- প্রসব পরবর্তী ভিজিটে কি কি শারীরিক পরীক্ষা করবেন?
- প্রসব পরবর্তী ভিজিটে শারীরিক পরীক্ষার সময় কি কি গুরুতর সমস্যা চিহ্নিত করা যেতে পারে? কোন সমস্যায় কি পরামর্শ দেবেন?
- প্রসব পরবর্তী ভিজিটে কি কি সাধারণ সমস্যা চিহ্নিত করা যেতে পারে? কি ব্যবস্থাপনা দেবেন?

নবজাত শিশুর যত্ন, সমস্যা চিহ্নিতকরণ ও ব্যবস্থাপনা

পাঠ : ৩
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. নবজাত শিশুর প্রয়োজনীয় শারীরিক পরীক্ষা করতে পারবেন; এবং
খ. শিশুর কোন সমস্যা থাকলে ব্যবস্থাপনা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী/পোষ্টার পেপার
ক	নবজাত শিশুর প্রয়োজনীয় শারীরিক পরীক্ষা	৪৫ মি.	ছোট দলে আলোচনা	পোষ্টার পেপার, মার্কার, ট্রান্সপারেন্সী
খ	নবজাত শিশুর সমস্যা ও ব্যবস্থাপনা			
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	পর্যালোচনা	

- পূর্বপ্রস্তুতি :
- 'সেশনের উদ্দেশ্য' ট্রান্সপারেন্সীতে/পোষ্টার পেপারে লিখে নিন।
 - দলীয় কাজের জন্য নবজাত শিশুর বিভিন্ন সমস্যা যেমন, ধনুষ্টংকার, নাভির সংক্রমন, ন্যাপি র্যাশ, চোখের অসুখ, জ্বর ও জন্ডিস ৬টি আলাদা কার্ডে লিখে নিন।
 - 'নবজাতকের সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা' চার্টটি ট্রান্সপারেন্সীতে লিখে নিন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- : ৫ মিনিট
- : - সবাইকে শুভেচ্ছা জানিয়ে উল্লেখ করুন, 'আমরা জানি যে, জন্মের পর থেকে ২৮ দিন পর্যন্ত শিশুকে নবজাত শিশু বলে। এই সময় শিশু থাকে অত্যন্ত নাজুক, প্রতিরোধ শক্তি থাকে কম; তাই যে কোন অসুখে এরা সহজেই আক্রান্ত হয় এবং আক্রান্ত হলে অবস্থা দ্রুত জটিল ও মারাত্মক আকার ধারণ করে। বাংলাদেশে এখন নবজাত শিশু মৃত্যুহার প্রতি হাজারে ৬৫ জন। তাই শিশুদের ব্যাপারে আমাদের আরও বেশী সতর্ক ও যত্নবান হওয়া উচিত। এই সেশনে আমরা নবজাত শিশুর সাধারণ সমস্যা ও ব্যবস্থাপনা আলোচনা করবো।'
- ট্রান্সপারেন্সী বা পোস্টার দেখিয়ে সেশনের উদ্দেশ্য বর্ণনা করুন।

উদ্দেশ্য-ক ও খ
স্থিতি
প্রক্রিয়া

- : নবজাত শিশুর প্রয়োজনীয় শারীরিক পরীক্ষা, বিভিন্ন সমস্যা ও ব্যবস্থাপনা
- : ৪৫ মিনিট
- : - অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করুন। মনে করি দল তিনটি ক, খ ও গ। দলীয় কাজ লেখা কার্ড বা কাগজ থেকে প্রতি দলকে ২টি কাগজ/কার্ড তুলে নিতে বলুন। পোস্টার পেপার ও মার্কার দিন এবং দলে বসে কাজ করতে সহায়তা করুন। দলীয় কাজ ব্যাখ্যা করুন অর্থাৎ প্রতিটি দল কার্ড অনুযায়ী সমস্যার কারণ, লক্ষণ, ব্যবস্থাপনা ও প্রতিরোধ সংক্ষেপে পোস্টার পেপারে লিখবেন।
- দলীয় কাজের জন্য ২০ মিনিট সময় দিন এবং সকলের অংশগ্রহণ নিশ্চিত করুন।
- কাজ শেষ হলে সবাইকে বড় দলে ফিরে এসে দলগতভাবে পাশাপাশি বসতে বলুন। প্রত্যেক দলের উপস্থাপনার পর অন্যান্য দল কোন তথ্য সংযোজন/বিয়োজন করবেন কিনা জিজ্ঞেস করুন। আপনি প্রয়োজনীয় সহায়তা দিন।
- বিষয় আলোচনার শেষে বলুন 'এতক্ষণ আমরা নবজাত শিশুর সমস্যা আলোচনা করলাম। চলুন এক নজরে দেখি নবজাত শিশুর শারীরিক পরীক্ষার সময় আমরা কিভাবে এসব সমস্যা নির্ণয় করতে পারি।'
- নবজাত শিশুর সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা লেখা ট্রান্সপারেন্সীটি প্রদর্শন করুন ও ২/১ জন অংশগ্রহণকারীকে পড়ে ব্যাখ্যা করতে বলুন। কোন প্রশ্ন থাকলে ব্যাখ্যা করুন এবং আলোচনার মাঝে মাঝে প্রতিবর্তা বা ফিডব্যাক নিন। ট্রান্সপারেন্সী দেখানো শেষে উল্লেখ করুন, 'কখনও কখনও শিশু একদম খেতে চায়না বা খায়না বলে মা অভিযোগ করেন- এক্ষেত্রে মাকে প্রশ্ন করে কারণ নির্ণয় ও প্রয়োজনীয় ব্যবস্থাপনা/পরামর্শ দিতে হবে।'

নাভির সংক্রমণ (Umbilical Sepsis)

নবজাত শিশুদের এটি একটি অতি পরিচিত সমস্যা।

শিশু জন্মের প্রথম সপ্তাহে নাভিতে সংক্রমণ দেখা যায়। সাধারণতঃ ভেজা নাভিতে সংক্রমণের আশংকা বেশী থাকে।

লক্ষণঃ

- তরল বা পুঁজযুক্ত ডিসচার্জ
- নাভি শুকাতে দেবী হয়
- মারাত্মক অবস্থায় শক বা জন্ডিসের লক্ষণ থাকতে পারে

ব্যবস্থাপনাঃ

- মৃদু সংক্রমণে ২-৩ বার স্পিরিট দিয়ে পরিষ্কার করতে হবে
- Antibiotic মলম বা পাউডার দিতে হবে
- নাভি শুকনো রাখতে হবে
- প্যান্ট বা ন্যাপি নাভির বেশ নীচে বাঁধতে হবে
- মারাত্মক সংক্রমণে হাসপাতালে রেফার করতে হবে

প্রতিরোধঃ

- জীবাণুমুক্ত ব্লেড দিয়ে নাভি কাটতে হবে ও জীবাণুমুক্ত সূতো দিয়ে নাভি বাঁধতে হবে।
- নাভি শুকনো ও খোলা রাখতে হবে (কোন গোবর, ছাই, মাটি লাগানো যাবেনা)।

ন্যাপি র্যাশ (Nappy Rash)

সাধারণতঃ নবজাত শিশুদের প্যান্ট পরানো হয় না। ছোট তিনকোনা একটুকরো কাপড় বেঁধে পরিয়ে রাখা হয় (ন্যাপি)। যে সব শিশুদের ন্যাপি অনেকক্ষণ ভেজা অবস্থায় পরানো থাকে তাদের এ সমস্যা দেখা যায়। শিশুদের ন্যাপি পরানোর স্থানে লালচে দানা ওঠে। প্লাস্টিক প্যান্টের ক্ষেত্রে সমস্যা বেশী হয়।

ব্যবস্থাপনাঃ

- প্যান্ট বা ন্যাপি খুলে শিশুকে খোলা বাতাসে রাখার পরামর্শ দিন
- ঘন ঘন পাউডার দিতে বলুন

প্রতিরোধঃ

- প্যান্ট বা ন্যাপি নিয়মিত পরিষ্কার/সেদ্ধ করতে বলুন
- অপ্রয়োজনে প্লাস্টিকের ন্যাপি ব্যবহার পরিহার করার পরামর্শ দিন

চোখের সংক্রমণ (Conjunctivitis)

শিশু জন্মের তৃতীয় দিন চোখে মৃদু সংক্রমণ দেখা যেতে পারে। সংক্রমণ হলে চোখে কিছুটা লালচে ও আঠালো ভাব থাকে।

ব্যবস্থাপনাঃ

- পরিষ্কার ভেজা তুলো দিয়ে চোখ পরিষ্কার করতে হবে
- Chloramphenicol eye drop দিনে ৫-৭ বার চোখে দিতে হবে

Neonatal Conjunctivitis

শিশু জন্মের প্রথম ৩ সপ্তাহে এ রোগ দেখা যায়। মায়ের গনোরিয়া বা ক্ল্যামাইডিয়া থাকলে জন্মের সময় শিশুর চোখ সংক্রমিত হয়।

লক্ষণঃ

- চোখে তরল পুঁজের মত বা পুঁজযুক্ত ডিসচার্জ
- চোখ ফোলা ও আঠালো ভাব
- মারাত্মক অবস্থায় কর্ণিয়া সংক্রমিত হয়।

ব্যবস্থাপনাঃ

চিকিৎসাঃ

- শিশুকে Inj. Ceftriaxone ৫০ মি.গ্রা./প্রতি কেজিতে সর্বোচ্চ ১২৫ মি.গ্রা. একমাত্রা অথবা
- Inj. Kanamycin ২৫ মি.গ্রা./প্রতি কেজি (সর্বোচ্চ ৭৫ মি.গ্রা.) একমাত্রা

শিশুর চোখের যত্নঃ

- পরিষ্কার নরম কাপড় স্যালাইন বা পরিষ্কার পানিতে ভিজিয়ে শিশুর চোখ মুছতে বলুন।
- মোছার সময় চোখের ভেতরের কোন থেকে শুরু করে বাইরের কোন শেষ করুন।
- চোখ পরিষ্কার শেষে ভালোভাবে হাত ধুয়ে ফেলুন।

৩ দিন পর আসতে বলুন। ৩ দিন পর ভালো না হলে,

Syrup Erythromycin: 50 mg/kg. মুখে ৬ ঘন্টা অন্তর, ১৪ দিন; অথবা

Syrup Cotrimoxazole: 5 ml. (১ চামচ) ১২ ঘন্টা অন্তর, ১৪ দিন।

শিশুর ব্যবস্থাপনার পাশাপাশি মা বাবা উভয়কে প্রয়োজনীয় পরামর্শ ও নিম্নলিখিত চিকিৎসা দিতে হবেঃ

- Tab Ciprofloxacin 500 mg একমাত্রা এবং
- Cap Doxycycline 100 mg দিনে ২ বার x ৭ দিন।

স্তনদান কালে উপরোক্ত ওষুধ দেয়া যাবে না তাই মাকে নিম্নলিখিত চিকিৎসা দিনঃ

- Inj. Ceftriaxone 250 mg. মাংসপেশীতে একমাত্রা এবং
- Tab. Erythromycin, 500 mg. মুখে ৬ ঘন্টা অন্তর ৮ দিন।

(প্রজননতন্ত্র ও যৌনবাহিত সংক্রমণের ব্যবস্থাপনায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে)

নবজাত শিশুর জ্বর

শিশুর জ্বর হলে কারণ নির্ণয়ের জন্য প্রয়োজনীয় প্রশ্ন ও পরীক্ষা করে ব্যবস্থাপনা দিতে হবে।

লক্ষণঃ

- তাপমাত্রা 100° ফাঃ এর বেশী
- দ্রুতশ্বাস অর্থাৎ মিনিটে ৬০ এর বেশী (মারাত্মক নিউমোনিয়ার ব্যবস্থাপনা দিতে হবে)
- নাভিতে সংক্রমণের লক্ষণ
- শিশুর খাওয়ার আগ্রহ কম

ব্যবস্থাপনা :

- * তাপমাত্রা বেশী হলে শিশুর কাপড় খুলে নরম কাপড় ঠান্ডা পানিতে ভিজিয়ে নিংড়ে নিয়ে শরীর মুছে দিতে হবে
- * ঘন ঘন বুকের দুধ দিতে হবে
- * যদি তাপমাত্রা 101° ফা. এর বেশী হয় $1/3$ চা চামচ ($1\frac{1}{2}$ - ২ মি.লি.) প্যারাসিটামল সিরাপ ৬ ঘন্টা পর পর দিতে হবে
- * জ্বরের কারণ নির্ণয় করতে না পারলে অথবা অন্যান্য জরুরী অবস্থায় শিশুকে হাসপাতালে রেফার করতে হবে।

নবজাতকের জন্ডিস

অধিকাংশ নবজাতকেরই বিশেষতঃ premature শিশুদের যকৃত অপরিণত থাকে বলে পিণ্ডরসে যথেষ্ট বিলিরুবিন নিঃসরণ করতে পারেনা। ফলে বিলিরুবিন রক্তে চলে আসে এবং শিশুর জন্ডিস এর লক্ষণ দেখা দেয়। এই জন্ডিসকে physiological বা শরীরবৃত্তীয় জন্ডিস বলা হয়। জন্মের ২ থেকে ৫ দিনের মধ্যে শিশুর শরীর বিশেষতঃ মাথা ও মুখ হলদে হয়ে যায়। ধীরে ধীরে শিশুর সমস্ত শরীর হলুদ বর্ণ ধারণ করে। অসুস্থতার অন্য কোন লক্ষণ থাকে না এবং কোন চিকিৎসা ছাড়াই ১-২ সপ্তাহের মধ্যে শরীরের রং স্বাভাবিক হয়ে আসে। জন্ডিস যেন মারাত্মক আকার ধারণ না করে সেজন্য মাকে নিম্নলিখিত পরামর্শ দিতে হবেঃ

- * শিশুকে প্রতিদিন সকালে খালি গায়ে ৩০ মিনিট - ১ ঘন্টা রোদে রাখতে হবে (এ সময় শিশুর চোখ ও মাথা ঢেকে দিতে হবে)
- * ঘন ঘন বুকের দুধ দিতে হবে

তবে যদি জন্মের ২৪ ঘন্টার মধ্যে শিশু জন্ডিসে আক্রান্ত হয় অথবা যে কোন জন্ডিসের সাথে অন্যান্য লক্ষণ যেমন, দুর্বলতা, নিশ্বেজ হয়ে যাওয়া, বুকের দুধ না খাওয়া ইত্যাদি থাকে তবে জরুরী ভিত্তিতে শিশুকে হাসপাতালে রেফার করতে হবে।

শারীরিক পরীক্ষার সাহায্যে নবজাতকের সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা			
পরীক্ষা	স্বাভাবিক	সমস্যা	ব্যবস্থাপনা
১। তাপমাত্রা	১০০° ফা. পর্যন্ত	• তাপমাত্রা কমে যাওয়া (< ৯৬° ফা.)	শিশুকে কাপড় দিয়ে জড়িয়ে উষ্ণ রাখতে বলুন ও হাসপাতালে রেফার করুন
		• তাপমাত্রা বেড়ে যাওয়া (> ১০০.৪° ফা.) - শ্বাসতন্ত্রের সংক্রমণ - নাভির সংক্রমণ	হাসপাতালে রেফার করুন
২। নাভি	স্বাভাবিকভাবে শুকনো ও পরিষ্কার থাকে	নাভির সংক্রমণ	<u>মুদ্র সংক্রমণঃ</u> • ২-৩ বার স্পিরিট দিয়ে পরিষ্কার করতে হবে • এন্টিবায়োটিক মলম বা পাউডার দিতে হবে • নাভি শুকনো রাখতে হবে • ন্যাপি বা প্যান্ট বেশ নীচে বাঁধতে হবে <u>মারাত্মক সংক্রমণঃ</u> হাসপাতালে রেফার করুন
৩। চোখ	চোখ সাদা ও চকচকে থাকে	জন্ডিস	<u>শরীরবৃত্তীয় জন্ডিস</u> -(জন্মের ২-৫ দিনের মধ্যে হয়) <u>(Physiological)</u> • প্রতিদিন সকালে শিশুকে খালি গায়ে চোখ ও মাথা চেকে ৩০ মিনিট - ১ ঘন্টা রোদে রাখতে হবে • বার বার বুকের দুধ দিতে হবে • সাত দিনের মধ্যে না কমলে রেফার করতে হবে <u>Pathological</u> জন্মের ২৪ ঘন্টার মধ্যে জন্ডিস হলে বা জন্ডিস মারাত্মক আকার ধারণ করলে হাসপাতালে রেফার করুন

শারীরিক পরীক্ষার সাহায্যে নবজাতকের সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা			
পরীক্ষা	স্বাভাবিক	সমস্যা	ব্যবস্থাপনা
চোখ	কোন discharge থাকে না	Ophthalmia Neonatorum <ul style="list-style-type: none"> • চোখের পাতা ফোলা • পূজযুক্ত ডিসচার্জ • কনজাংটিভা লাল 	<ul style="list-style-type: none"> • Inj. Ceftriaxone ৫০ মি.গ্রা./প্রতি কেজি (সর্বোচ্চ ১২৫ মি. গ্রা.) অথবা • Inj. Kanamycin ২৫ মি. গ্রা./প্রতি কেজি. (সর্বোচ্চ ৭৫ মি.গ্রা.) • শিশুর চোখের যত্ন নিতে বলুন। ৩ দিন পর আসতে বলুন। ভালো না হলে, Syr. Erythromycin: 50 mg/kg. ৬ ঘন্টা অন্তর, ১৪ দিন অথবা Syr. Cotrimoxazole: 5 ml. ১২ ঘন্টা অন্তর, ১৪ দিন। শিশুর ব্যবস্থাপনার পাশাপাশি মা বাবা উভয়কে প্রয়োজনীয় পরামর্শ ও নিম্নলিখিত চিকিৎসা দিতে হবে - Tab Ciprofloxacin ৫০০ মি.গ্রা. একমাত্রা - Cap Doxycycline ১০০ মি.গ্রা. দিনে ২ বার x ৭ দিন
		চোখের অন্যান্য সংক্রমণঃ <ul style="list-style-type: none"> • চোখ লালচে • আঠালো ভাব 	Chloramphenicol eye drop ১ ফোঁটা করে ২ চোখে ৬ ঘন্টা পর পর ৫-৭ দিন
Caput/Cephal haematoma	মাথায় কোন অস্বাভাবিক ফোলা থাকবেনা	মাথা অতিরিক্ত ফোলা, লম্বাটে	মাকে আশ্বাস দিন।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি

: ১০ মিনিট

প্রক্রিয়া

:

- ক দলকে বলুন খ দল যে বিষয়ে কাজ করছেন সেই বিষয়ে যা শিখেছেন তা নিজেদের দলে আলোচনা করে সংক্ষেপে বর্ণনা করতে। একইভাবে খ দলকে বলুন গ দলের বিষয় এবং গ দল ক দলের বিষয় আলোচনা করে বর্ণনা করবেন। এছাড়া প্রতিটি দল শারীরিক পরীক্ষার সময় নবজাতকের ১/২টি সমস্যা নির্ণয় ও ব্যবস্থাপনা উল্লেখ করবেন। আলোচনা করার জন্য ২/৩ মিনিট সময় দিন। সময় শেষ হলে প্রতি দল থেকে একজনকে বিষয়ের মূল বক্তব্য সংক্ষেপে বর্ণনা করতে বলুন। লক্ষ্য রাখুন তথ্যের ব্যাখ্যা যেন সঠিক হয় এবং কোন গুরুত্বপূর্ণ তথ্য যেন বাদ পড়ে না যায়।

- সবাইকে ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

প্রসব পরবর্তী প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ

পাঠ : ৪
স্থিতি : ১ ঘন্টা ১৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

ক. প্রসব পরবর্তী ভিজিটে মায়েদের বুকের দুধ, টিকাদান ও পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ দিতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	
ক	প্রসব পরবর্তী তথ্য ও পরামর্শ	৫৫ মি.	ভূমিকাভিনয়	লটারীর জন্য কাগজ, ফ্লো-চার্ট

পূর্বপ্রস্তুতি : - ছোট ৪টি কাগজে নিম্নলিখিত বিষয়গুলো লিখে রাখুনঃ

- প্রসবোত্তর মাকে বুকের দুধ সম্পর্কে পরামর্শ দান
 - শিশুর টিকা সম্পর্কে পরামর্শ দান
 - প্রসবোত্তর মাকে পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ দান
 - প্রসবোত্তর মাকে বুকের দুধ, টিকাদান ও পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ দান
- প্রথম পাঠে ব্যবহৃত প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপের ট্রান্সপারেন্সী সাথে নিন।
- ফ্লো-চার্টটি ৪ কপি করে রাখুন।

পাঠ বিশ্লেষণ


সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- ঃ ৫ মিনিট
- ঃ - সবাইকে অভিনন্দন জানিয়ে এভাবে শুরু করতে পারেন, 'প্রথম সেশনে আমরা প্রসব পরবর্তী সেবার মূল পদক্ষেপ আলোচনা করেছি।' মূল পদক্ষেপের ছকটি ট্রান্সপারেন্সিতে দেখিয়ে পরামর্শ দান ঘরটির প্রতি দৃষ্টি আকর্ষণ করুন। বলুন, 'এখানে আমরা দেখতে পাচ্ছি মায়ের ব্যক্তিগত পরিচর্যা ছাড়াও এই ভিজিটে বুকের দুধ, টিকাদান ও পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ দেয়া প্রয়োজন।'
- উল্লেখ করুন, 'ফ্লো চার্টের মাধ্যমে আমরা মায়ের প্রশ্ন করে প্রয়োজনভিত্তিক পরামর্শ দেবার অনুশীলন করবো। মা যে তথ্য জানেন/পালন করেন তা উল্লেখ করার প্রয়োজন নেই। শুধু প্রয়োজনীয় বিষয়ে আলোচনা করলে মা তাতে আগ্রহী হবেন।'


উদ্দেশ্য-ক
স্থিতি
প্রক্রিয়া

- ঃ প্রসব পরবর্তী তথ্য ও পরামর্শ
- ঃ ৫৫ মিনিট
- ঃ - অংশগ্রহণকারীদের খেলার মাধ্যমে ৪টি দলে ভাগ করুন। প্রতি দল থেকে একজনকে একটি কাগজ টানতে বলুন। কাগজে লেখা বিষয়ের উপর দলটিকে ভূমিকাভিনয়ের প্রস্তুতি অর্থাৎ ফ্লোচার্ট অনুযায়ী সংলাপ তৈরী করতে বলুন। প্রতি দলকে এক কপি ফ্লো-চার্ট দিন।
- ঃ উল্লেখ করুন প্রতিটি দল থেকে ২ জন ভূমিকাভিনয়ে অংশগ্রহণ করবেন এবং দলের অন্যান্য সদস্যরা প্রয়োজনীয় সহায়তা দেবেন। যে সব দল বুকের দুধ, পরিবার পরিকল্পনা ও টিকাদান বিষয়ে পরামর্শ দেবেন তারা অভিনয়ের জন্য ১০ মিনিট এবং যে দল সবগুলো বিষয় একসঙ্গে অভিনয় করবেন তাঁরা ২০ মিনিট সময় পাবেন। সংলাপ তৈরী ও ভূমিকাভিনয় প্রস্তুতির জন্য ১৫ মিনিট সময় দিন।
- ১৫ মিনিট পর সবাইকে বড় দলে ফিরে আসতে বলুন। ছক অনুযায়ী অর্থাৎ প্রথমে বুকের দুধ, তারপর টিকাদান ও পরে পরিবার পরিকল্পনা দলকে অভিনয়ের জন্য আমন্ত্রণ জানান।
- প্রতি দলের অভিনয় শেষে হাততালি দিন এবং অন্যান্য দলের মতামত আহ্বান করুন। এবার শেষ দলটিকে অভিনয় করতে আমন্ত্রণ জানান। একইভাবে অভিনয় শেষ হলে অভিনন্দন জানিয়ে অন্যান্যদের মতামত আহ্বান করুন। মতামত দেবার সময় ভালো ও সীমাবদ্ধতার দু'টি দিক আলোচনা করুন।
- উল্লেখ করুন, 'আমরা এতক্ষন ভূমিকাভিনয়ের মাধ্যমে মায়ের পরামর্শ দেয়ার অনুশীলন করলাম। এতদিন হয়তো এভাবে প্রয়োজন চিহ্নিত করে পরামর্শ দেবার কথা চিন্তা করিনি কিন্তু ফিরে গিয়ে কর্মক্ষেত্রে এ প্রক্রিয়া আমরা চালিয়ে যাবো। এছাড়া প্রসব পরবর্তীকালে গ্রহীতার প্রয়োজন চিহ্নিত করে অন্যান্য পরামর্শ যেমন ব্যক্তিগত পরিচর্যা, স্তনের যত্ন, মায়ের পুষ্টিকর খাবার সম্পর্কে পরামর্শ দিতে হবে। বার বার অনুশীলনের মাধ্যমেই বিষয়টি আত্মস্থ ও কর্মক্ষেত্রে বাস্তবায়ন করা সম্ভব।'
- অংশগ্রহণকারীদের ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

প্রসব পরবর্তী ভিজিটে বুকের দুধ, টিকাদান ও পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ



পূর্ববর্তী পাতা থেকে



প্রসব পরবর্তী সেবা
ধারণা যাচাই পত্র

সময়ঃ ১৫ মিনিট
মোট নম্বরঃ ২৫

১। প্রসবোত্তরকাল কতদিন পর্যন্ত? সঠিক উত্তরের পাশে ✓ চিহ্ন দিন।

৮ X ২ = ১৬ নম্বর

২ সপ্তাহ

৪ সপ্তাহ

৬ সপ্তাহ

২। প্রসবোত্তর ভিজিটে মায়ের কি কি পরীক্ষা করবেন? সঠিক উত্তরের পাশে ✓ চিহ্ন দিন।

রক্তচাপ

ইডিমা

তাপমাত্রা

পেরিনিয়াম

এনিমিয়া

মায়ের উচ্চতা

স্তন

জরায়ুর উচ্চতা

মায়ের নাড়ী

যোনি পথে রক্তক্ষরণ (p/v bleeding)

৩। প্রসব পরবর্তী সংক্রমণের (Puerperal sepsis) লক্ষণ ও চিহ্নগুলো কি কি?

৪। প্রসবোত্তর ভিজিটে নবজাত শিশুর কি কি পরীক্ষা করবেন?

৫। একজন মা তার নবজাত শিশুর জ্বর নিয়ে আপনার কাছে এসেছেন। নবজাতকের বয়স ১৪ দিন। আপনি কি ব্যবস্থা নিবেন এবং কি পরামর্শ দিবেন?

৬। নবজাতকের ৫ সপ্তাহ বয়সে মা এসে বললেন তাঁর একটি স্তনের বোঁটা ফেটে যাওয়ার ফলে তিনি তাঁর শিশুকে দুধ দিতে পারছেন না। আপনি তাঁকে কি চিকিৎসা দিবেন? কি পরামর্শ দিবেন?

৭। নিচের কোন্ কোন্ ওষুধ “শিশুকে বুকের দুধ খাওয়াচ্ছেন” - এমন মা'কে দেয়া অনুচিত? সঠিক উত্তরের পাশে ✓ চিহ্ন দিন।

- প্যারাসিটামল
- এস্পিরিন
- আরগোমেট্রিন
- মেট্রোনিডাজল
- টেট্রাসাইক্লিন
- খাবার বড়ি

৮। প্রসবোত্তর ৬ সপ্তাহের মধ্যে সেবা দেয়ার সময় মাকে কি কি পরামর্শ এবং সেবা দেয়া উচিত?

৯। সত্য হলে 'স' এবং মিথ্যা হলে 'মি' লিখুন।

৯ x ১ = ৯ নম্বর

- প্রসব পরবর্তী সংক্রমণ হলে এন্ডোমেট্রাইটিস হতে পারে।
- প্রসবোত্তরকালে মায়ের খাবারের প্রতি বিশেষ যত্ন না নিলেও অসুবিধা নাই।
- প্রসবোত্তরকালে প্রথম একমাস আয়রণ, ফলিক এসিড খাওয়া প্রয়োজন।
- প্রসবের পর যে কোন সময় ভিটামিন-এ ক্যাপসুল দেয়া যায়।
- প্রসবোত্তর মা অত্যন্ত দুর্বল থাকেন বলে আধ ঘন্টার মধ্যে নবজাত শিশুকে বুকের দুধ না দেওয়াই ভালো।
- স্তনে সংক্রমণ (mastitis) হলে বুকের দুধ দেয়া বন্ধ করতে হবে।
- শিশুকে নিয়ম করে বুকের দুধ খাওয়াতে হবে। শিশু যতক্ষণ বা যখনই চায় তখনই দুধ দেয়া ঠিক নয়।
- শিশুকে ৬ সপ্তাহ বয়সে টিকা দেয়া শুরু করতে হবে।
- শিশু জন্মের ২৪ ঘন্টার মধ্যে physiological jaundice দেখা দিতে পারে।

নামঃ _____

পদবীঃ _____

কর্মস্থলঃ _____

তারিখঃ _____

অপারেশন রিসার্চ প্রজেক্ট

অপারেশন রিসার্চ প্রজেক্ট (ORP) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জাতীয় সমন্বিত স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচীর (NIPHP) সকল সহযোগী প্রতিষ্ঠান এবং আইসিডিডিআর,বি'র একটি যৌথ উদ্যোগ। এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা (অপারেশন রিসার্চ) এবং কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে অত্যাবশ্যকীয় সেবা (ESP) প্রদানকারী সংস্থাসমূহকে অধিকতর ফলপ্রসূ ও কার্যকরভাবে সেবা প্রদানের ক্ষেত্রে সহযোগিতা দেয়া। অপারেশন রিসার্চ প্রজেক্টের কার্যক্রম পরিচালিত হয় গ্রাম এবং শহর উভয় এলাকায়, যেমনঃ যশোর জেলার অভয়নগর, চট্টগ্রাম জেলার পটিয়া ও মীরশ্বরাই থানা এবং ঢাকা সিটি করপোরেশনের অন্তর্গত দশটি জোন। এ ছাড়া চট্টগ্রাম জেলার আরও ১৩ টি থানায়ও এই প্রজেক্টের সীমিত কার্যক্রম রয়েছে।

নিম্নলিখিত বিষয়সমূহ প্রকল্পের গবেষণার বিষয়ভূক্তঃ

(১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় স্বল্প সাফল্যপূর্ণ এলাকা (যেমন চট্টগ্রাম, সিলেট ইত্যাদি) এবং স্বল্প সেবাপ্রাপ্ত জনগোষ্ঠীর (যেমন নবপরিণীতা, কিশোরী, পুরুষ, বস্তিবাসী ইত্যাদি) জন্য সেবাসমূহের যোগান বৃদ্ধি; (২) প্রদত্ত সেবার উৎকর্ষতা সাধনের মাধ্যমে গ্রাহক (client) সন্তুষ্টির পূর্ণতা বিধান; (৩) অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের নিমিত্তে সেবাদানকারী সংগঠনসমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ; (৪) পারিবারিক স্বাস্থ্যসেবা প্রদান প্রক্রিয়ার আর্থিক সয়স্তরতা দৃঢ়তর করা এবং এই প্রক্রিয়ায় বানিজ্যিক খাতের অধিকতর ও যথাযথ সম্পৃক্তি নিশ্চিতকরণ। উল্লেখিত কার্যাবলীর মনিটরিং ও মূল্যায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার লক্ষ্যে জরিপ পরিচালনা এবং অন্যান্য সহায়তা প্রদানের জন্য প্রকল্পের অধীনে রয়েছে একটি মাঠ কার্যক্রম তত্ত্বাবধায়ক দল।

অপারেশন রিসার্চ প্রজেক্ট তার কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন এবং গবেষণালব্ধ অভিজ্ঞতা প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সরকারী, বেসরকারী ও দাতাসংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে নিয়মিতভাবে মিটিং, কর্মশালা, সেমিনারের আয়োজন করে। এ ছাড়া রয়েছে মাঠ পরিদর্শন এবং গবেষণা কার্যক্রম(intervention) সম্পর্কে অবহিতকরনের ব্যবস্থা। প্রজেক্টের গবেষণালব্ধ ফলাফল জার্নাল এবং জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন সমূহে উপস্থাপনের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে। অধিকন্তু আইসিডিডিআর,বি পরিদর্শনে আগত অতিথিবৃন্দ এবং সেন্টার আয়োজিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচীসমূহের অংশগ্রহণকারীদের সাথেও প্রকল্প তার অভিজ্ঞতা পর্যালোচনা করে থাকে।

প্রকল্প স্টীফদের একটি প্রধান দায়িত্ব হলো শিশু ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সরকারী ও বেসরকারী সংস্থাসমূহকে অধিকতর দক্ষ ও ফলপ্রসূ করে গড়ে তোলার লক্ষ্যে কারিগরী সহায়তা প্রদান। বিভিন্ন পর্যালোচনা মিটিং, পরিদর্শন মিশন, সমন্বয় কমিটি এবং টাস্ক ফোর্সে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্প এইরূপ সহায়তা প্রদান করে থাকে।



CENTRE
FOR HEALTH AND
POPULATION RESEARCH

অপারেশন রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮।